

2026 সালের আলি ভোটিং/আগাম ভোটদানের নির্দেশিকা




স্টেট নির্বাচন
নভেম্বর 3, 2026

আগাম ভোট দিন! ডাকযোগে ভোট দিন!

Cambridge Election Commission (Cambridge নির্বাচন কমিশন) আপনার সময়সূচী অনুযায়ী ভোট দেওয়াকে সহজ ও সুবিধাজনক করে তুলছে। ডাকযোগে বা স্বশরীরে গিয়ে আগাম ভোট দিন!

স্বশরীরে আগাম ভোটদানের সময়কাল

17^ই অক্টোবর - 30^শ অক্টোবর
সময় ও স্থান জানতে ভিতরে দেখুন!



আপনার ভোটার নিবন্ধনের স্ট্যাটাস যাচাই করুন

www.RegisterToVoteMA.com

অথবা 617-349-4361 নম্বরে Election Commission office-এ কল করুন।

আপনার নাম, ঠিকানা বা রাজনৈতিক দল নিবন্ধন বা পরিবর্তন করার শেষ তারিখ হল
শনিবার, 24^শ অক্টোবর।

ভোটার নিবন্ধন

🌐 অনলাইন


www.RegisterToVoteMA.com

আপনার যদি Registry of Motor Vehicles ID (মোটরযানের আইডি রেজিস্ট্রি) না থাকে, তাহলে আপনাকে আপনার নিবন্ধন ফর্ম প্রিন্ট করতে হবে এবং 689 Massachusetts Avenue, STE 1, Cambridge, MA 02139-3302 ঠিকানায় Election Commission Office (নির্বাচন কমিশন অফিস) -এ মেইল করতে হবে

📍 সরাসরি

**Cambridge Election Commission,
689 Massachusetts Avenue, STE 1**
নিয়মিত অফিসের সময়ে।

শনিবার, অক্টোবর 24th, আপনি সকাল 9 টা থেকে বিকাল 3 টা পর্যন্ত যেকোনো আগাম ভোটদানের স্থানে বা Election Commission Office সকাল 9 টা থেকে বিকাল 5 টা পর্যন্ত নিবন্ধন করতে পারবেন।



Cambridge শহরের নির্বাচন কমিশনারের বোর্ড

689 Massachusetts Avenue, STE 1, Cambridge, MA 02139-3302
ফোন: 617-349-4361 • ফ্যাক্স: 617-349-4366 • ইমেইল: elections@cambridgema.gov

কমিশনারবৃন্দ:
Ethridge A. King, Jr.
Larry W. Ward
Charles J. Marquardt
Sara I. Rivera

নির্বাচন পরিচালক:
Tanya L. Ford

সহকারী পরিচালক:
Lesley Waxman

আবাসিক গ্রাহক
Cambridge, MA

প্রিস্টেড STD
US পোস্টেজ পেইড
CAMBRIDGE MA
পারমিট নং 58215



নভেম্বর 3, 2026 স্টেট নির্বাচনের জন্য Election Commission-এর 24-ঘণ্টাব্যাপী অফিসিয়াল ব্যালট ড্রপ বক্সের স্থানসমূহ

প্রধান ড্রপ বক্সের অবস্থান

নিম্নলিখিত স্থানটি নির্বাচনের দিন,
মঙ্গলবার, নভেম্বর 3, 2026 রাত 8 টা পর্যন্ত
খোলা থাকবে।

Election Commission
689 Massachusetts Avenue
সামনের প্রবেশপথের বাম দিক

নভেম্বর 3, 2026 তারিখ, নির্বাচনের দিন শুধুমাত্র এই ড্রপ বক্সের স্থানটিই
খোলা থাকবে।

স্যাটেলাইট ড্রপ বক্সের অবস্থান

ব্যালট মেইল করা হলে নিম্নলিখিত
স্থানগুলো খোলা থাকবে এবং সোমবার,
নভেম্বর 2, 2026 রাত 8 টায় বন্ধ হয়ে
যাবে। নির্বাচনের দিন, নভেম্বর 3,
2026 তারিখে স্যাটেলাইটের
স্থানগুলো খোলা থাকবে না।

City Hall
795 Massachusetts Avenue
পিছনের দরজার কাছে

Morse স্কুল
40 Granite Street
সামনের প্রবেশপথের কাছে

**Cambridge Police Headquarters
(Cambridge পুলিশ সদরদপ্তরসমূহ)**
125 6th Street
ভবনের সামনের দিকের কাছাকাছি

Maria L. Baldwin স্কুল
85 Oxford Street
Oxford St.-এর প্রবেশপথের ডানদিক

O'Neill লাইব্রেরী
70 Rindge Avenue
প্রবেশপথের সিঁড়ি সংলগ্ন

বহুভাষিক রিসোর্স



বাংলা



हिन्दी



العربية



Español



中文



Portuguese



Kreyòl



English



অনুগ্রহ করে নিশ্চিত
করুন **আপনার ভোট
দেওয়া ব্যালট**

জুরাত খামের (হলুদ খাম)
ভিতরে সিল করা আছে এবং ড্রপ
বাক্সে খামটি ঢোকানোর আগে
জুরাত খামের উপর নিশ্চিতকরণ
স্বাক্ষর করা হয়েছে।

ডাকযোগে আগাম ভোটদান

01

আবেদনপত্র সংগ্রহ করুন

www.MailMyBallotMA.com থেকে আবেদনপত্র ডাউনলোড করুন অথবা আপনার নাম, Cambridge-এর ঠিকানা, আপনি যেখানে ব্যালট পাঠাতে চান সেই ঠিকানা এবং আপনার স্বাক্ষরসহ লিখিত অনুরোধ পাঠান।

02

আবেদন পাঠান

ইমেইল, ফ্যাক্স, বা ডাকযোগে আপনার স্বাক্ষরিত আবেদন পাঠান। আপনি যদি ইমেইলের মাধ্যমে আপনার আবেদনপত্র পাঠান, তবে তাতে এমনভাবে স্বাক্ষর করতে হবে যা আপনার হাতে লেখা স্বাক্ষরের সাথে মিলিয়ে দেখা সম্ভব হয়। ইলেকট্রনিক স্বাক্ষর, স্ক্যান করা আবেদন ও আবেদনের ছবি গ্রহণযোগ্য। টাইপ করা স্বাক্ষর গ্রহণ করা যাবে না।

ইমেইল: elections@cambridgema.gov

ফ্যাক্স: 617-349-4366

ডাক: 689 Massachusetts Avenue, STE 1,
Cambridge, MA 02139-3302

গুরুত্বপূর্ণ সময়সীমা

ব্যালটের জন্য অনুরোধ করার সময়সীমা:

মঙ্গলবার, অক্টোবর 27, 2026, বিকেল 5 টা।


Election Commission সময়মতো ডেলিভারি নিশ্চিত করতে যত তাড়াতাড়ি সম্ভব আবেদন করার সুপারিশ করে।

ব্যালট ফেরত দেওয়ার শেষ তারিখ:

স্বশরীরে বা ড্রপ বক্সের মাধ্যমে ফেরত দেওয়া ব্যালট অবশ্যই নির্বাচনের দিন, মঙ্গলবার, নভেম্বর 3, 2026-এর রাত 8 টার মধ্যে পৌঁছাতে হবে।

ডাকযোগে ফেরত দেওয়া ব্যালটে অবশ্যই নভেম্বর 3, 2026 তারিখের ডাকটিকিট থাকতে হবে

- যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে পাঠানো ব্যালট অবশ্যই নভেম্বর 6, 2026-এর বিকাল 5 টার মধ্যে পৌঁছাতে হবে
- বিদেশ থেকে পাঠানো ব্যালট অবশ্যই নভেম্বর 13, 2026-এর বিকাল 5 টার মধ্যে পৌঁছাতে হবে



অনলাইনে আপনার ব্যালট ট্রাক করুন

🌐 www.TrackMyBallotMA.com

কোনো প্রশ্ন আছে কি?

CambridgeMA.gov/EarlyVoting এই ঠিকানায় আমাদের ওয়েবসাইট ভিজিট করুন

617-349-4361 নম্বরে Election Commission Office-এ কল করুন

elections@cambridgema.gov এই ঠিকানায় আমাদেরকে ইমেইল করুন

আপনার আবেদনে সাহায্যের জন্য নির্বাচন কমিশনের সাথে যোগাযোগ করার জন্য আপনার যদি দোভাষীর প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে 617-865-2273 নম্বরে কল করুন। একজন দোভাষী আপনাকে শহরের প্রতিনিধির সাথে যোগাযোগ করিয়ে দিবে।

03

আপনার ব্যালট ফেরত দেওয়ার বিকল্পসমূহ

- আপনার ব্যালটের সাথে প্রদত্ত ডাক-প্রদত্ত খাম ব্যবহার করে ডাকযোগে ব্যালট ফেরত দিন।
- নির্ধারিত আগাম ভোটদানের সময় নির্ধারিত আগাম ভোটদানের স্থানে একজন নির্বাচনী কর্মকর্তার কাছে সিল করা ব্যালটের খামটি ফেরত দিন।
- Cambridge-এ অবস্থিত ছয়টি (6) ব্যালট ড্রপ বক্সের মধ্যে যেকোনোটিতে আপনার ব্যালট পৌঁছে দিন। ড্রপ বক্সের স্থান এই গাইডের শেষ পৃষ্ঠায় তালিকাভুক্ত রয়েছে।

আগাম ভোটদান সম্পর্কে জানুন

আগাম ভোটদান কী?

আগাম ভোটদান নির্বাচন দিনের আগে ভোট দেওয়ার সুযোগ। আপনি স্বশরীরে বা ডাকযোগে ভোট দিতে পারবেন এবং নির্বাচনের দিনে আপনার ব্যালট আপনার জন্য দেওয়া হবে। আগাম ভোটদানের সময়কাল Massachusetts রাজ্যের আইন দ্বারা নির্ধারিত হয়।

কারা আগাম ভোট দিতে পারেন?

Cambridge-এ যেকোনো নিবন্ধিত ভোটার আগাম ভোট চলাকালীন সময়ে ভোট দিতে পারেন! অনুপস্থিত ব্যক্তির ভোটদান থেকে ভিন্ন, আপনার আগাম ভোট দেওয়ার জন্য কোনো অজুহাত বা কারণের প্রয়োজন নেই!

আমি কোথায় আগাম ভোট দিতে পারব?

নির্বাচনের দিন থেকে ভিন্ন, আপনাকে ভোট দেওয়ার জায়গায় যেতে হবে না। আপনি নিচে প্রদত্ত Cambridge-এর আগাম ভোটদানের বিস্তারিত স্থানের যেকোনো একটিতে যেতে পারেন। 689 Massachusetts Avenue-এ অবস্থিত **Election Commission Office** স্টেট নির্বাচনের জন্য আগাম ভোটদানের স্থান হবে না।

আমি কখন আগাম ভোট দিতে পারি?

আগাম ভোটদানের সময়কাল শনিবার, অক্টোবর 17, 2026 থেকে শুক্রবার, অক্টোবর 30, 2026 পর্যন্ত। সময় প্রতিদিন পরিবর্তিত হয় তাই নিচে প্রদত্ত সময়সূচিটি দেখুন।

আমি যদি নির্বাচনের দিন ভোট দিতে চাই তাহলে কী হবে?

আপনি যদি আগেই ভোট না দেন, তাহলেও আপনি নির্বাচনের দিন আপনার নির্ধারিত ভোট কেন্দ্রে ভোট দিতে পারবেন। **অনুগ্রহ করে জেনে রাখুন, ভোটদানের স্থান পরিবর্তন হতে পারে।**

নির্বাচনের দিনের আগে আপনি আপনার নির্ধারিত স্থান উল্লেখপূর্বক একটি ভোটার নোটিফিকেশন কার্ড পাবেন অথবা আপনি সেটি www.cambridgema.gov/pollinglocations এই ঠিকানায় দেখতে পারবেন।

সকাল 7 টা থেকে রাত 8 টা পর্যন্ত ভোটগ্রহণ চলবে, মঙ্গলবার, নভেম্বর 3, 2026। আপনি শুধুমাত্র একবার ভোট দিতে পারেন— যদি আপনি আগাম ভোটদানের ব্যালট জমা করেন, তাহলে আপনি নির্বাচনের দিন ভোট দিতে পারবেন না।

সরাসরি গিয়ে আগাম ভোটদানের সময় ও স্থান

শনিবার, অক্টোবর 17

🕒 সকাল 9 টা - বিকাল 3 টা

শনিবার, অক্টোবর 24

🕒 সকাল 9 টা - বিকাল 3 টা

রবিবার, অক্টোবর 18

🕒 সকাল 9 টা - বিকাল 3 টা

রবিবার, অক্টোবর 25

🕒 সকাল 9 টা - বিকাল 3 টা

সোমবার, অক্টোবর 19

🕒 সকাল 8:30 টা - রাত 8 টা

সোমবার, অক্টোবর 26

🕒 সকাল 8:30 টা - রাত 8 টা

মঙ্গলবার, অক্টোবর 20

🕒 সকাল 8:30 টা - বিকাল 5 টা

মঙ্গলবার, অক্টোবর 27

🕒 সকাল 8:30 টা - বিকাল 5 টা

বুধবার, অক্টোবর 21

🕒 সকাল 8:30 টা - বিকাল 5 টা

বুধবার, অক্টোবর 28

🕒 সকাল 8:30 টা - বিকাল 5 টা

বৃহস্পতিবার, অক্টোবর 22

🕒 সকাল 8:30 টা - বিকাল 5 টা

বৃহস্পতিবার, অক্টোবর 29

🕒 সকাল 8:30 টা - বিকাল 5 টা

শুক্রবার, অক্টোবর 23

🕒 সকাল 8:30 টা - বেলা 12 টা

শুক্রবার, অক্টোবর 30

🕒 সকাল 8:30 টা - বেলা 12 টা

689 Massachusetts Avenue-এ অবস্থিত **Election Commission office** স্টেট নির্বাচনের জন্য আগাম ভোটদানের স্থান হবে না।

ভোটারদের অবশ্যই নিচে তালিকাভুক্ত আগাম ভোটদান স্থানের যেকোনো একটিতে যেতে হবে।

আগাম ভোটদানের স্থানসমূহ

📍 **Valente লাইব্রেরি**
826 Cambridge Street, Berkshire Street-এর পাশের প্রবেশপথ

📍 **Cambridge Water Department (Cambridge পানি বিভাগ)**
250 Fresh Pond Parkway

📍 **Main Library (প্রধান গ্রন্থাগার)**
449 Broadway